



মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

৫৮, আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম। পিএবিএক্স:০২৩৩৩১৮৯১-৭। www.mpl.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার)

১. ভিশন ও মিশন

ভিশন : সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে দেশের সর্বত্র নিরবচ্ছিন্নভাবে সরকার/বিপিসি কর্তৃক নির্ধারিত মূল্যে মানসম্মত পেট্রোলিয়াম পণ্যের সরবরাহের মাধ্যমে দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ।

মিশন : পেট্রোলিয়ামজাত পণ্য ক্রয়, মজুদ, বিতরণ ও সুষ্ঠু বিপণন ব্যবস্থার মাধ্যমে দেশব্যাপী জ্বালানি তেলের নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিতকরণ।

২. প্রতিশ্রুত সেবা সমূহ

২.১) নাগরিক সেবা

ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ইমেইল)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১	দেশের সর্বত্র সরকার নির্ধারিত মূল্যে সঠিক পরিমাপে মানসম্মত পেট্রোলিয়াম পণ্য নিরবচ্ছিন্নভাবে সরবরাহ ও বিক্রয় নিশ্চিতকরণ।	সরকার/বিপিসি'র পলিসি অনুযায়ী ডিলার (পেট্রোল পাম্প)/ এজেন্ট/ প্যাক পয়েন্ট ডিলার নিয়োগের মাধ্যমে।	কোম্পানির প্রধান কার্যালয়সহ সকল আঞ্চলিক অফিসসমূহে পাওয়া যায়।	সরকার নির্ধারিত মূল্যে অগ্রিম পরিশোধ সাপেক্ষে এবং চুক্তি অনুযায়ী বাকীতে পণ্য সরবরাহ।	ক্রেতার চাহিদানুযায়ী	মোহাং জসীম উদ্দীন জেনারেল ম্যানেজার (মার্কেটিং) মোবাইল ফোন: ০১৭১১৪৩৩৮১০ ইমেইল: gmmarketingtgmpl@gmail.com
২	যানবাহনের ইঞ্জিনের সুরক্ষার স্বার্থে আন্তর্জাতিক মানের লুব্রিকেন্টস সরবরাহ ও বিক্রয় নিশ্চিতকরণ।	ডিলার (পেট্রোল পাম্প)/ এজেন্ট/ প্যাক পয়েন্ট ডিলার/ লুব ডিলার নিয়োগের মাধ্যমে।	কোম্পানির প্রধান কার্যালয়সহ সকল আঞ্চলিক অফিসসমূহে পাওয়া যায়।	অগ্রিম মূল্য পরিশোধ সাপেক্ষে পণ্য সরবরাহ।	ক্রেতার চাহিদানুযায়ী	এ কে এম আকতার কামাল চৌধুরী ডেপুটি জেনারেল ম্যানেজার (সেলস) মোবাইল ফোন : ০১৯১২১২৯২২৬ ইমেইল: akmaktermpl@gmail.com মোঃ ওমর ফারুক মিয়াজি এ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার, চট্টগ্রাম রিজিওন্যাল অফিস, চট্টগ্রাম।
৩	এলপি গ্যাস বিক্রয় (সিলিন্ডার সহ)	সরকার/বিপিসি'র পলিসি অনুযায়ী এলপিগিজি ডিলার নিয়োগের মাধ্যমে।	কোম্পানির প্রধান কার্যালয়সহ সকল আঞ্চলিক অফিসসমূহে পাওয়া যায়।	সরকার নির্ধারিত মূল্যে অগ্রিম পরিশোধ সাপেক্ষে এবং চুক্তি অনুযায়ী বাকীতে পণ্য সরবরাহ।	ক্রেতার চাহিদানুযায়ী	ইমেইল: mplagmctg@gmail.com মোঃ আহসানুল আমিন এ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার, ঢাকা রিজিওন্যাল অফিস, ঢাকা।
৪	ডাইরেক্ট বিজনেস এর মাধ্যমে সকল প্রকার পেট্রোলিয়াম পণ্য ও লুব অয়েল সরবরাহ ও বিক্রয় নিশ্চিতকরণ।	সরকার/বিপিসি'র পলিসি অনুযায়ী প্রতিরক্ষা বাহিনী, আধা-সামরিক বাহিনী, রেলওয়ে, পিডিবি, বন্দর, সিটি কর্পোরেশন সহ সকল সরকারী বেসরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সরাসরি পণ্য বিক্রয়।	কোম্পানির প্রধান কার্যালয়সহ সকল আঞ্চলিক অফিসসমূহে পাওয়া যায়।	সরকার নির্ধারিত মূল্যে অগ্রিম পরিশোধ সাপেক্ষে এবং চুক্তি অনুযায়ী বাকীতে পণ্য সরবরাহ।	ক্রেতার চাহিদানুযায়ী	মোবাইল ফোন: ০১৯৫৯২৯০০৪ ইমেইল: mplagmctg@gmail.com
৫	গ্রাহক ও ভোক্তা পর্যায়ে পেট্রোলিয়াম পণ্য ও লুব্রিকেন্টস সম্পর্কে জন-সচেতনতা তৈরী করা হয়।	সভা, সেমিনার, সিম্পোজিয়াম ও বিজ্ঞাপন ইত্যাদির মাধ্যমে।	কোম্পানি কর্তৃক পরিচালিত।	বিনামূল্যে	সরাসরি	মোবাইল ফোন: ০১৯৫৮০৫০৭০৩ ইমেইল: agmsalesmpldhaka@gmail.com এস. এম. হাবিবুল্লাহ এ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার, ইনচার্জ রিজিওন্যাল অফিস, বগুড়া মোবাইল ফোন: ০১৭০৮৪৯৩২২৫ ইমেইল: mplagmbogra@gmail.com এস. এম. জিয়াউর রহমান ম্যানেজার (সেলস)
৬	পেট্রোলিয়াম পণ্যের মান যাচাই।	ভিজিলেন্স টিমের মাধ্যমে ফিলিং স্টেশন/এজেন্ট/প্যাক পয়েন্ট ডিলার হতে পেট্রোলিয়াম পণ্যের নমুনা সংগ্রহ, গুণগতমান পরীক্ষা, পরিমাপ যাচাইকরণ ইত্যাদি।	কোম্পানি কর্তৃক পরিচালিত।	বিনামূল্যে	সরাসরি	ইনচার্জ, রিজিওন্যাল অফিস, খুলনা মোবাইল ফোন: ০১৭০৮৪৯৩২২৮ ইমেইল: agmkhulnampl@gmail.com
৭	কারিগরি পরামর্শ প্রদান।	লুব অয়েলের প্রয়োগ বিধি, টেস্টিং, কলকারখানায় সংরক্ষণ পদ্ধতি ও এ সংক্রান্ত উদ্ভূত সমস্যার সমাধান।	কোম্পানি কর্তৃক পরিচালিত।	বিনামূল্যে	সরাসরি	

ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ইমেইল)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৮	মেরিন লুব বিক্রয়	বিপিসি মিডল ইন্সট, ইউএই এবং লুকঅয়েল মেরিন লুব্রিকেন্টস ইউএই হতে পণ্য সরবরাহের তথ্য প্রাপ্তি সাপেক্ষে অনুমোদিত দেশী, বিদেশী/বিদেশগামী জাহাজে সরবরাহ করা হয়।	কোম্পানির প্রধান স্থাপনাগার, গুপ্তখাল, পতেঙ্গা, চট্টগ্রাম।	কমিশনের ভিত্তিতে মেরিন লুব সরবরাহ করা হয়।	সরাসরি	মো: আবুল মেরাজ এ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার, এম আই মোবাইল ফোন: ০১৭১১৮০৯০১৩ ইমেইল: agmmi.mpl@gmail.com মো: রাশেদ-উল-আলম ডেপুটি ম্যানেজার (শিপিং, ডিউটি এন্ড ক্রেইম) মোবাইল ফোন: ০১৭১৪০৮০৮০৮ ইমেইল: rashedmpl@gmail.com
৯	কর্মকর্তা নিয়োগ	বিপিসি প্রণীত কর্মকর্তা নিয়োগ নীতিমালা/বিধিমালা অনুযায়ী মন্ত্রণালয়, সংস্থা ও কোম্পানির প্রতিনিধির সমন্বয়ে গঠিত নিয়োগ কমিটির সুপারিশ ও পরবর্তীতে কোম্পানি পরিচালক পর্ষদ এর অনুমোদনক্রমে কর্মকর্তা নিয়োগ করা হয়।	আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা, পেশাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র সহ নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন করতে হয়। বহল প্রচারিত জাতীয় ও স্থানীয় দৈনিক পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।	বিনামূল্যে/নির্ধারিত ফি ডিডি/পে-অর্ডারের মাধ্যমে	নিয়োগ কমিটির সিদ্ধান্ত অনুযায়ী।	মোঃ টিপু সুলতান জেনারেল ম্যানেজার (এইচ আর) মোবাইল ফোন: ০১৭৭৭৭৭৪৬৯৩ ইমেইল: tsultanmpl@gmail.com
১০	কর্মচারী/শ্রমিক নিয়োগ	কোম্পানি পরিচালনা পর্ষদের নির্দেশনা অনুযায়ী মন্ত্রণালয়, সংস্থা ও কোম্পানির প্রতিনিধির সমন্বয়ে গঠিত নিয়োগ কমিটির সুপারিশ ও পরবর্তীতে কোম্পানি পরিচালক পর্ষদ এর অনুমোদনক্রমে কর্মচারী/শ্রমিক নিয়োগ করা হয়।	আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা, পেশাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র সহ নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন করতে হয়। বহল প্রচারিত জাতীয় ও স্থানীয় দৈনিক পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।	বিনামূল্যে/নির্ধারিত ফি ডিডি/পে-অর্ডারের মাধ্যমে	নিয়োগ কমিটির সিদ্ধান্ত অনুযায়ী।	

২.২) প্রাতিষ্ঠানিক সেবা

ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ইমেইল)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১	ডিলার (ফিলিং স্টেশন) নিয়োগ	আগ্রহী প্রতিষ্ঠানের প্রয়োজনীয় ডকুমেন্টসহ আবেদনপত্র গ্রহণের পর সরকার প্রণীত গেজেটের আলোকে মাঠ পর্যায়ের কর্মকর্তা কর্তৃক সাইট পরিদর্শন পূর্বক প্রতিবেদন প্রস্তুত করা হয়। উক্ত প্রতিবেদনে ফিলিং স্টেশন স্থাপন সংক্রান্ত নীতিমালার সাথে সংগতিপূর্ণ প্রস্তাব থাকলে কোম্পানির পরিচালক পর্ষদ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। পরিচালক পর্ষদের অনুমোদনের ভিত্তিতে চূড়ান্ত অনুমোদনের জন্য বিপিসি-তে প্রেরণ করা হয়। সংস্থা কর্তৃক অনুমোদন প্রদানের তারিখ থেকে ০৭ (সাত) দিনের মধ্যে কোম্পানি কর্তৃক প্রচলিত বিধিবিধানের আওতায় লেটার অব ইনটেন্ট (LOI) প্রদান করা হয়। সংস্থার চূড়ান্ত অনুমোদনের দেড় বছরের মধ্যে নকশা অনুযায়ী নির্মাণ কাজ সম্পাদন পূর্বক স্থানীয় জেলা প্রশাসক হতে অনাপত্তি সনদ গ্রহণ, পেট্রোলিয়াম মজুদ লাইসেন্স গ্রহণ, পরিবেশ ছাড়পত্র, ফায়ার লাইসেন্স এবং সড়ক ও জনপদ বিভাগ হতে প্রয়োজনীয় অনুমতি গ্রহণসহ ফিলিং স্টেশনটি বাণিজ্যিকভাবে চালুর জন্য কোম্পানি বরাবরে আবেদনের প্রেক্ষিতে ডিলারশীপ নিয়োগপত্র প্রদান করা হয়। ডিলারশীপ প্রদানকালীন সময়ে কোম্পানি ও ফিলিং স্টেশন মালিকের সাথে রিটেল ডিলারশীপ চুক্তিনামা সম্পাদন করা হয়।	আগ্রহী প্রতিষ্ঠানের আর্থিক স্বচ্ছলতার সনদ, ট্রেড লাইসেন্স, টিআইএন সার্টিফিকেট (বিগত দুই বছরের প্রতি বছর কমপক্ষে ৫০,০০০ (পঞ্চাশ হাজার টাকা) ব্যক্তি পর্যায়ে আয়কর প্রদানের তথ্য সম্বলিত আয়কর বিভাগের প্রত্যয়নপত্র), সাইট প্লান, ১০ কপি লে-আউট প্লান, মৌজা ম্যাপ, প্রস্তাবিত জমির দলিলের সত্যায়িত কপি, আবেদনকারীর সত্যায়িত ছবি, নাগরিকত্ব সনদের কপি এবং চাহিত সকল ডকুমেন্টস/তথ্য সহকারে ব্যবস্থাপনা পরিচালক বরাবরে আবেদন করতে হয়। সিটি কর্পোরেশন বা জেলা শহর এবং পৌর এলাকায় প্রস্তাবিত ফিলিং স্টেশন প্রাঙ্গণের সম্মুখভাগের দৈর্ঘ্য ন্যূনতম ২৫ মিটার এবং জমির পরিমাণ ন্যূনতম ২৬ শতক হতে হবে। সড়ক বা মহাসড়ক, অনুমোদিত বাস বা ট্রাক টার্মিনাল এবং ফেরিঘাট এলাকায় প্রস্তাবিত ফিলিং স্টেশন প্রাঙ্গণের সম্মুখভাগের দৈর্ঘ্য ন্যূনতম ৪৫ মিটার এবং জমির পরিমাণ ন্যূনতম ৫০ শতক হতে হবে।	ডিলার (ফিলিং স্টেশন) এর ক্ষেত্রে ডিডি/পে-অর্ডারের মাধ্যমে ৩.০০ লক্ষ টাকা জামানত হিসেবে গ্রহণ করা হয়।	ক) আবেদনপত্র প্রাপ্তির পর মাঠ পর্যায়ের কর্মকর্তার মাধ্যমে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে হেড অফিসে প্রতিবেদন পেশ করা হয়। খ) মাঠ পর্যায়ের কর্মকর্তার প্রতিবেদন ফিলিং স্টেশন স্থাপনের অনুকূলে না হলে তা ৭ (সাত) দিনের মধ্যে আবেদনকারীকে অবহিত করা হয়। গ) প্রতিবেদন ফিলিং স্টেশন স্থাপনের অনুকূলে হলে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কোম্পানির পরিচালক পর্ষদ সভায় উপস্থাপন করা হয়। ঘ) পরিচালক পর্ষদের অনুমোদনের পর দ্রুততম সময়ে চূড়ান্ত অনুমোদনের জন্য বিপিসিতে প্রেরণ করা হয়।	মোহাং জসীম উদ্দীন জেনারেল ম্যানেজার (মার্কেটিং) মোবাইল ফোন: ০১৭১১৪৩৩৮১০ ইমেইল: gmmarketingctgmpl@gmail.com এ কে এম আকতার কামাল চৌধুরী ডেপুটি জেনারেল ম্যানেজার (সেলস) মোবাইল ফোন: ০১৯১২১২৯২২৬ ইমেইল: akmaktermpl@gmail.com মোঃ ওমর ফারুক মিয়া এ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার, চট্টগ্রাম রিজিওন্যাল অফিস, চট্টগ্রাম। মোবাইল ফোন: ০১৯৫৯৯২৯০০৪ ইমেইল: mplagmctg@gmail.com মোঃ আহসানুল আমিন এ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার, ঢাকা রিজিওন্যাল অফিস, ঢাকা। মোবাইল ফোন: ০১৯৫৮০৫০৭০৩ ইমেইল: agmsalesmpldhaka@gmail.com এস. এম. হাবিবুল্লাহ এ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার, ইনচার্জ রিজিওন্যাল অফিস, বগুড়া মোবাইল ফোন: ০১৭০৮৪৯৩২২৫ ইমেইল: mplagmbogra@gmail.com এস. এম. জিয়াউর রহমান ম্যানেজার (সেলস) ইনচার্জ, রিজিওন্যাল অফিস, খুলনা মোবাইল ফোন: ০১৭০৮৪৯৩২২৮ ইমেইল: agmkhulnampl@gmail.com

ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ইমেইল)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
২	এজেন্সী/প্যাক পয়েন্ট ডিলার/এলপিজি ডিলার নিয়োগ	আগ্রহী প্রতিষ্ঠানের আবেদনপত্র গ্রহণের পর বিপিসি প্রণীত নীতিমালার আলোকে মাঠ পর্যায়ের কর্মকর্তা কর্তৃক সাইট পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রস্তুত করা হয়। উক্ত প্রতিবেদন ডিলারশীপ প্রদানের অনুকূলে হলে জেনারেল ম্যানেজার (মার্কেটিং) এর সুপারিশক্রমে ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক নিয়োগ প্রদান করা হয়। মাঠ পর্যায়ের কর্মকর্তার প্রতিবেদন ডিলারশীপ প্রদানের অনুকূলে না হলে তা ৭ (সাত) দিনের মধ্যে আবেদনকারীকে অবহিত করা হয়।	আগ্রহী প্রতিষ্ঠানের ব্যাংক স্বচ্ছলতার সনদ, ড্রেড লাইসেন্স, টিআইএন সার্টিফিকেট, পেট্রোলিয়াম মজুদ লাইসেন্স, সেলস পয়েন্টের লে-আউট প্লান, আবেদনকারীর সত্যায়িত ছবি, নাগরিকত্ব সনদের কপি এবং চাহিত সকল ডকুমেন্ট/তথ্য সহকারে ব্যবস্থাপনা পরিচালক বরাবরে আবেদন করতে হয়।	ক) এজেন্সী/প্যাক পয়েন্ট ডিলার এর জন্য সিটি কর্পোরেশন এবং পৌরসভা এলাকায় ৫০,০০০/- টাকা এবং অন্যান্য অঞ্চলের ক্ষেত্রে ৩০,০০০/- টাকা ডিডি/পে-অর্ডারের মাধ্যমে জামানত হিসেবে গ্রহণ করা হয়। খ) এলপিজি ডিলার এর জন্য সকল ক্ষেত্রে ৫০,০০০/- টাকা ডিডি/পে-অর্ডারের মাধ্যমে জামানত হিসেবে গ্রহণ করা হয়।	ক) আবেদনপত্র প্রাপ্তির পর মাঠ পর্যায়ের কর্মকর্তার মাধ্যমে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রধান কার্যালয়ে প্রতিবেদন পেশ করা হয়। খ) মাঠ পর্যায়ের প্রতিবেদন ডিলারশীপ প্রদানের অনুকূলে হলে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক ডিলার হিসেবে নিয়োগ পত্র প্রদান করা হয়।	ক্রমিক নম্বর ১ এর অনুরূপ।
৩	(ক) ডাইরেক্ট বিজনেস এর আওতায় জ্বালানি তৈল ও লুব্রিকেন্টস্ বিক্রয়	আগ্রহী প্রতিষ্ঠানকে স্ব-স্ব লেটার হেড প্যাডে ব্যবস্থাপনা পরিচালক বরাবরে ড্রেড লাইসেন্স, বিস্কোরক লাইসেন্স, ব্যাংক স্বচ্ছলতার সনদ, টিআইএন, আইডি কার্ড, এফবিসিসিআই এর সনদপত্রের কপি এবং সকল চাহিত ডকুমেন্টসহ আবেদন করতে হয়।	কোম্পানির প্রধান কার্যালয়সহ সকল আঞ্চলিক অফিস সমূহে পাওয়া যায়।	অগ্রিম মূল্য পরিশোধ সাপেক্ষে পণ্য সরবরাহ করা হয়।	ক্রেতার চাহিদানুযায়ী।	ক্রমিক নম্বর ১ এর অনুরূপ।
৪	(খ) ডাইরেক্ট বিজনেস এর আওতায় বিটুমিন বিক্রয়	বিপিসি কর্তৃক কোম্পানির অনুকূলে বরাদ্দকৃত গ্রাহকের নিকট হতে আবেদনপত্র গ্রহণের পর কার্যাদেশ প্রদানকারী প্রতিষ্ঠান হতে যাচাই পূর্বক বিটুমিন সরবরাহ করা হয়।	কোম্পানির প্রধান কার্যালয়সহ সকল আঞ্চলিক অফিস সমূহে পাওয়া যায়।	অগ্রিম মূল্য পরিশোধ সাপেক্ষে পণ্য সরবরাহ করা হয়।	কার্যাদেশ অনুযায়ী।	মোহাং জসীম উদ্দীন জেনারেল ম্যানেজার (মার্কেটিং) মোবাইল ফোন: ০১৭১১৪৩৩৮১০ ইমেইল: gmmarketingctgmpl@gmail.com

২.৩) অভ্যন্তরীণ সেবা

ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ইমেইল)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১	পদোন্নতি	কর্মকর্তা/ কর্মচারী/ শ্রমিকদের পদোন্নতির ক্ষেত্রে কোম্পানির পরিচালক পর্যদ ও বিপিসি অনুমোদিত পদোন্নতি নীতিমালা অনুযায়ী শূণ্য পদে পদোন্নতি প্রদান করা হয়। কর্মকর্তাদের পদোন্নতির ক্ষেত্রে জ্যেষ্ঠতা, শিক্ষাগত যোগ্যতা, কর্মকাল ও চাকুরীর রেকর্ড/ শৃঙ্খলাজনিত আচরণ মূল্যায়ন করা হয়। এছাড়া কর্মচারী/শ্রমিকদের ক্ষেত্রে জ্যেষ্ঠতা ও কর্মদক্ষতা মূল্যায়ন করা হয়।	কর্মকর্তাদের ৩ বছর এবং শ্রমিক-কর্মচারীদের ৩ বছরের বার্ষিক গোপনীয় প্রতিবেদন।	বিনামূল্যে।	সংশ্লিষ্ট পদে সুনির্দিষ্ট মেয়াদ পূর্তিতে।	
২	অর্জিত/ নৈমিত্তিক/ অসুস্থতা/ দীর্ঘ মেয়াদী অসুস্থতা/ মাতৃদাকানীন ছুটি	কোম্পানির ছুটি বিধিমালা অনুসারে ছুটির অনুমোদন দেওয়া হয়।	নির্দিষ্ট ছুটির ফরমে আবেদন পাওয়ার পর ছুটির অনুমোদন দেওয়া হয়।	বিনামূল্যে।	ছুটি অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে।	
৩	বহিঃ বাংলাদেশ (অর্জিত/ শিক্ষা) ছুটি মঞ্জুর	ক) কোম্পানির ছুটি বিধিমালা এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিদেশ ভ্রমণের অনুমতি সংক্রান্ত প্রজ্ঞাপন অনুসারে কর্মকর্তাদের ক্ষেত্রে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সুপারিশক্রমে বিপিসি এবং মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে ছুটি মঞ্জুর করা হয়। খ) শ্রমিক/ কর্মচারীদের ক্ষেত্রে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সুপারিশক্রমে বিপিসি'র অনুমোদন সাপেক্ষে ছুটি মঞ্জুর করা হয়।	সাদা কাগজে ছুটির আবেদন এবং অনুমোদিত অর্জিত ছুটি অনুমোদনের ফরম এর কপি সহ অন্যান্য চাহিত তথ্যাদির কপি।	বিনামূল্যে।	ব্যবস্থাপনা কর্তৃপক্ষ /বিপিসি/ মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে।	মোঃ টিপু সুলতান জেনারেল ম্যানেজার (এইচ আর) মোবাইল ফোন: ০১৭৭৭৭৭৪৬৯৩ ইমেইল: tsultanmpl@gmail.com
৪	ভবিষ্য তহবিলে কোম্পানির অনুদান	মেঘনা পেট্রোলিয়াম প্রভিডেন্ট ফান্ড নীতিমালা অনুযায়ী কন্ট্রিবিউটারী সিস্টেম এ কর্মকর্তা ও শ্রমিক/ কর্মচারীদের স্ব-স্ব মূল বেতনের ১০% হারে ভবিষ্য তহবিলে কোম্পানি কর্তৃক জমা করা হয়।	নির্ধারিত ফরমে আবেদন করতে হয়।	বিনামূল্যে।	কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে চাকুরী ৩ মাস এবং শ্রমিকদের ক্ষেত্রে চাকুরী ৬ মাস সন্তোষজনক অতিবাহিত হলে ভবিষ্য তহবিলে সদস্য হন।	
৫	গ্র্যাচুইটি	কর্মকর্তা ও শ্রমিক/ কর্মচারীদের চাকুরীকাল শেষে তারা কোম্পানির গ্র্যাচুইটি নীতিমালা অনুযায়ী সুবিধা পেয়ে থাকে।	কোম্পানি কর্তৃক পরিশোধিত হয়।	চেকের মাধ্যমে পরিশোধ করা হয়।	স্বল্পতম সময়ের মধ্যে।	

ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ইমেইল)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৬	গৃহ নির্মাণ স্কীম	কর্মকর্তা ও শ্রমিক/ কর্মচারীগণ কোম্পানির গৃহ নির্মাণ স্কীমের আওতায় সংশ্লিষ্ট কমিটির সুপারিশক্রমে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে জমি ক্রয় ও তাহাতে গৃহ নির্মাণ/ ফ্ল্যাট ক্রয়ের জন্য ঋণ সুবিধা পেয়ে থাকে।	নির্দিষ্ট ফরমে আবেদন করতে হয়।	কর্মকর্তা ও কর্মচারীরা যথাক্রমে মিউনিসিপ্যাল এলাকার ভিতর ১০.০০ ও ৮.০০ লক্ষ টাকা এবং মিউনিসিপ্যাল এলাকার বাইরে ৮.০০ ও ৬.০০ লক্ষ টাকা ঋণ হিসেবে পেয়ে থাকে। চেকের মাধ্যমে ইহা পরিশোধ করা হয়।	স্বল্পতম সময়ের মধ্যে।	মোঃ টিপু সুলতান জেনারেল ম্যানেজার (এইচ আর) মোবাইল ফোন: ০১৭৭৭৭৭৪৬৯৩ ইমেইল: tsultanmpl@gmail.com
৭	গাড়ী ক্রয় ঋণদান স্কীম	কর্মকর্তাগণ কোম্পানির গাড়ী ক্রয় ঋণদান স্কীমের আওতায় সংশ্লিষ্ট কমিটির সুপারিশক্রমে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে গাড়ী ক্রয়ের জন্য ঋণ সুবিধা পেয়ে থাকে।	নির্দিষ্ট ফরমে আবেদন করতে হয়।	গাড়ী ক্রয় ঋণদান স্কীমের আওতায় কর্মকর্তাগণ গ্রেড ভেদে ১০.০০ লক্ষ হতে ২০.০০ লক্ষ টাকা ঋণ সুবিধা পেয়ে থাকে। চেকের মাধ্যমে ইহা পরিশোধ করা হয়।	স্বল্পতম সময়ের মধ্যে।	
৮	মোটর সাইকেল ক্রয় ঋণদান স্কীম	শ্রমিক/কর্মচারীগণ কোম্পানির মোটর সাইকেল ক্রয় ঋণদান স্কীমের আওতায় সংশ্লিষ্ট কমিটির সুপারিশক্রমে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে মোটর সাইকেল ক্রয়ের জন্য ঋণ সুবিধা পেয়ে থাকে।	নির্দিষ্ট ফরমে আবেদন করতে হয়।	মোটর সাইকেল ক্রয় ঋণদান স্কীমের আওতায় শ্রমিক-কর্মচারীগণ ১,২০,০০০ টাকা ঋণ সুবিধা পেয়ে থাকে। চেকের মাধ্যমে ইহা পরিশোধ করা হয়।	স্বল্পতম সময়ের মধ্যে।	

৩) অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (GRS) :

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করুন। তিনি সমাধান দিতে ব্যর্থ হলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করে আপনার সমস্যা অবহিত করুন।

ক্রমিক নং	কখন যোগাযোগ করবেন	কার সঙ্গে যোগাযোগ করবেন	যোগাযোগের ঠিকানা	নিষ্পত্তির সময়সীমা
১	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে অপারগ হলে	ফোকাল পয়েন্ট কর্মকর্তা	জনাব রেজা মোঃ রিয়াজউদ্দিন কোম্পানি সচিব মোবাইল ফোন: ০১৯৫৯-৯২৯০০১ ইমেইল: rezaujjal@gmail.com	অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা – ২০১৫ (পরিমার্জিত ২০১৮) –এর সময়সীমা অনুযায়ী।
২	ফোকাল পয়েন্ট কর্মকর্তা সমাধান দিতে অপারগ হলে	অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)	জনাব মোঃ মাসুদুর রহমান ম্যানেজিং ডাইরেক্টর মোবাইল ফোন: ০১৭১১-৪৩৩৮০৪ ইমেইল:md@mpl.gov.bd	”
৩	অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে অপারগ হলে	আপিল কর্মকর্তা	জনাব মোঃ লাল হোসেন সচিব মোবাইল ফোন: ০১৭৫৫-৫৮৭৬২৪ ইমেইল:secretary@bpc.gov.bd	”

৪) আপনার কাছে আমাদের প্রত্যাশা :

ক্রমিক নং	প্রতিশ্রুত/কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তির লক্ষে করণীয়
১	নির্ধারিত ফরমে সম্পূর্ণভাবে পূরণকৃত আবেদন জমা প্রদান।
২	সঠিক মাধ্যমে প্রয়োজনীয় ফিস পরিশোধ করা।
৩	সাক্ষাতের জন্য নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিত থাকা।